**প্রেস বিজ্ঞপ্তি**

**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**

**বিভিন্ন অপরাধে ৪৮টি প্রতিষ্ঠানকে ২.৪৯ লক্ষ টাকা জরিমানা**

**১৬ আগস্ট ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা জেলা কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, কিশোরগঞ্জ, ফরিদপুর, শেরপুর, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, হবিগঞ্জ, যশোর, ফেনী, সিলেট, কক্সবাজার ও চট্টগ্রামের আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর আগারগাঁও ও মিরপুর এলাকায় মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে সেবা ফার্মেসী, রানা ফার্মেসী ও বিসমিল্লাহ ফার্মেসীকে যথাক্রমে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা ও **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকাসহ মোট **৭০,০০০/- (সত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের ভৈরব ও কুলিয়ারচর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: নাজমুল হাসানের নেতৃত্বে ফরিদপুর সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা এবং শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকাসহ মোট **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা করা, ওজনে কারচুপি এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়ার সরাইল উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আছাদুল ইসলামের নেতৃত্বে চাঁদপুরের হাজীগঞ্জ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১০,৫০০/- (দশ হাজার পাঁচশত)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আল-আমিনের নেতৃত্বে হবিগঞ্জ সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সোহেল চাকমার নেতৃত্বে ফেনী সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের ওসমানীনগর এলাকায় **৫টি** প্রতিষ্ঠানকে **২৩,০০০/- (তেইশ হাজার)** টাকা, কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সুলতান মাহমুদ মিলনের নেতৃত্বে কক্সবাজারের রামু উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা ও চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রামের ডবলমুরিং থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **১,১৬,৫০০/- (এক লক্ষ ষোল হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ওজনে কারচুপি, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ফ্লেভার মিউজিক ক্যাফে, অলিভ গার্ডেন ও দি ওরিয়েন্টাল স্কাই লঞ্চকে যথাক্রমে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, **৩,০০০/- (তিন হাজার)** টাকা ও **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **৮,০০০/- (আট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,০০০/- (দুই হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Munchies-2 ও পিকাসুকে যথাক্রমে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা ও **১,০০০/- (এক হাজার)** টাকাসহ মোট **৭,০০০/- (সাত হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডল কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে গ্রিণ ম্যাংগোকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জি এম সি এইচ ফার্মেসী ও মাস্তুল ক্যাফে এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **৩,০০০/- (তিন হাজার)** টাকাসহ মোট **৮,০০০/- (আট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,০০০/- (দুই হাজার)** টাকা প্রদান করা হয়।

আজকের **১২টি** বাজার তদারকির ও **১০টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৪৮টি** প্রতিষ্ঠানকে মোট **২,৪৯,৫০০/- (দুই লক্ষ উনপঞ্চাশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১০ জন** অভিযোগকারীকে মং **৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, কিশোরগঞ্জ, ফরিদপুর, শেরপুর, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, হবিগঞ্জ, যশোর, ফেনী, সিলেট, কক্সবাজার ও চট্টগ্রাম।
৭। পুলিশ সুপার, ঢাকা, কিশোরগঞ্জ, ফরিদপুর, শেরপুর, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, হবিগঞ্জ, যশোর, ফেনী, সিলেট, কক্সবাজার ও চট্টগ্রাম।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।